আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে ডানে এবং বামে সালাম ফিরাতে দেখতাম। এমনকি (তিনি এমনভাবে মুখ ঘুরাতেন যে,) আমি তার গালের শুভ্রতা দেখতে পেতাম।

সা‘দ রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন: আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে ডানে এবং বামে সালাম ফিরাতে দেখতাম। এমনকি (তিনি এমনভাবে মুখ ঘুরাতেন
যে,) আমি তার গালের শুভ্রতা দেখতে পেতাম। [সহীহ] [ইমাম মুসলিম এটি বর্ণনা করেছেন]

সা‘দ ইবন আবি ওয়াক্কাস রাদিয়াল্লাহু ‘আনহু জানিয়েছেন, তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের গালের সাদা অংশ দেখতে পেতেন, কেননা সালাম ফিরানোর সময় তিনি এতটাই ঘাড় ফিরাতেন—ডান দিকে প্রথম সালামের জন্য এবং বাম দিকে দ্বিতীয় সালামের জন্য।

http://sunnah.global/hadeeth/bn/show/65463